# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫৮২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০৩]

৩। হায়য ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৪. মাযীর বিবরণ।

## باب الْمَذْىِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، وَأَبُو مُعَاوِيَةَ وَهُشَيْمٌ عَنِ الأَعْمَشِ، عَنْ مُنْذِرِ بْنِ يَعْلَى، - وَيُكْنَى أَبَا يَعْلَى - عَنِ ابْنِ الْحَنَفِيَّةِ، عَنْ عَلِيٍّ، قَالَ كُنْتُ رَجُلاً مَذَّاءً وَكُنْتُ أَسْتَحْيِي أَنْ أَسْأَلَ النَّبِيَّ صلى الله عليه وسلم لِمَكَانِ ابْنَتِهِ فَأَمَرْتُ الْمِقْدَادَ بْنَ الأَسْوَدِ فَسَأَلَهُ فَقَالَ " يَغْسِلُ ذَكَرَهُ وَيَتَوَضَّأُ " .

বাংলা

৫৮২-(১৭/৩০৩) আবূ বকর ইবনু আবূ শাইবাহ (রহঃ) ..... আলী (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমার বেশি বেশি মাযী বের হত। আমি এ সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে জিজ্ঞেস করতে লজ্জাবোধ করতাম। কারণ তার কন্যা ছিল আমার স্ত্রী। তাই আমি মিকদাদ ইবনুল আসওয়াদকে (এ সম্পর্কে জানতে) বললাম, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করলেন। তখন তিনি বললেন, এতে তার পুরুষাঙ্গ ধুয়ে ফেলবে এবং ওযু করে নিবে। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৫৮৬, ইসলামিক সেন্টারঃ ৬০২)

## English

Chapter: Madhi (prostatic fluid)

'Ali reported: I was one whose prostatic fluid flowed readily and I was ashamed to ask the Apostle (ﷺ) about it, because of the position of his daughter. I, therefore, asked Miqdad. b. al-Asad and he inquired of him (the Holy Prophet). He (the Holy Prophet) said: He should wash his male organ and perform ablution.

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

নাম্বহ বলতে কী বুঝায়?

হাদীসের আরবী ভাষ্যে 'নাম্বহ' শব্দ ব্যবহার করা হয়েছে। শব্দটির দু'টি অর্থ রয়েছে: এক. ধুয়ে ফেলা, যা এখানে উদ্দেশ্য নেয়া হয়েছে। কারণ হাদীসের অপরাপর শব্দ তার ওপর প্রমাণ বহন করছে। অপর অর্থ হচ্ছে পানি ছিটিয়ে দেয়া। এ অর্থটিও বহুল প্রচলিত। যেমন দুধ ছাড়া আর কিছু খায় না এমন পুত্র সন্তানের পেশাবের ব্যাপারে তা ব্যবহৃত হয়েছে।

হাদীসের শিক্ষা

১. ‘মযী' নাপাক। তা পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে।

২. এর দ্বারা আরো বুঝা যায় যে, মযী বের হলে ওযূ নষ্ট হবে; কারণ তা দু' পথের একটি দিয়ে বের হয়েছে।

৩. মযী'র কারণে পুরুষাঙ্গ ধুয়ে ফেলা ওয়াজিব।

৪. সর্বসম্মত সিদ্ধান্ত হচ্ছে মযীর কারণে গোসল করা ফরয হয় না।

৫. মযী দূর করতে হলে পাথর বা মাটি দিয়ে মুছে ফেললে চলবে না, বরং পানি দিয়ে ধুতে হবে।

৬. মানুষ যে বিষয়ে লজ্জা পায় সে বিষয় সম্পর্কে জানতে হলে অপর কাউকে তা বলে জানার ব্যবস্থা করা দোষণীয় নয়। তবে শর্ত হচ্ছে যাকে প্রতিনিধি বানানো হলে তিনি বিশ্বস্ত হবেন।

৭. লজ্জার কারণে নিজে প্রশ্ন না করা জায়েয।

৮. মানুষ তার লজ্জাজনক বিষয়টি বিশেষ কারণে অপরকে বলা বৈধ।

৯. আদব ও শিষ্টাচার হচ্ছে কোনো লোক স্ত্রীর আত্মীয়দের কাছে গোপনাঙ্গ ও সহবাস সংক্রান্ত বিষয় বলবে না।

১০. আলী রাদ্বিয়াল্লাহু আনহুর ফযীলত সাব্যস্ত হচ্ছে: কারণ লজ্জা তাকে অপরের মাধ্যমে জ্ঞান অর্জন করা থেকে বিরত রাখেনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন